রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউকভবন, ঢাকা।
www.rajuk.gov.bd

বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (**Annual Performance Agreement**) এর লক্ষ্যমাত্রাসমূহ যথাসময়ে প্রণয়ন, মনিটরিং এবং সুষ্ঠুভাবে বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ খুরশীদ আলম, সদস্য (প্রশাসন ও অর্থ), রাজউক, ঢাকা। |
| সভার স্থান | : | সদস্য (প্রশাসন ও অর্থ) মহোদয়ের অফিস কক্ষ। |
| সভার তারিখ ও সময় | : | ১২.০৩.২০২৪, সকাল: ১০.৩০ টা। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষে কর্মরত কর্মকর্তাদের নিষ্ঠার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করার উপর গুরুত্বারোপ করেন এবং ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) ২য় ত্রৈমাসিকে যে সকল শাখা/দপ্তর কাঙ্ক্ষিত লক্ষ্যেমাত্রা অর্জণ করতে পেরেছে সে সকল শাখা/দপ্তরের কর্মচারী/কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন।সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনার জন্য কমিটির সদস্য সচিব-কে অনুরোধ করেন।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব, পরিচালক (প্রশাসন) সভাকে জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা বাস্তবায়ন প্রাতিষ্ঠানিক সক্ষমতা প্রদর্শনের একটি মাপকাঠি। সুতরাং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের সুনির্দিষ্ট কর্মপন্থা নির্ধারণে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর ২০২৩-২০২৪ অর্থবছরের প্রতিটি ধাপ বাস্তবায়নের বিষয়ে উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন। আলোচেনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রম | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এবং এর সাথে সম্পর্কিত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রে (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, অভিযোগ প্রতিকার সিস্টেম (GRS), সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গর্ভনেন্স ও তথ্য অধিকার এর ২০২৩-২০২৪ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিক (০১ জানুয়ারি ২০২৪ হতে ৩১ মার্চ ২০২৪ পর্যন্ত) প্রতিবেদন প্রমানকসহ প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এবং এর সাথে সম্পর্কিত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রে (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, অভিযোগ প্রতিকার সিস্টেম (GRS), সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গর্ভনেন্স ও তথ্য অধিকার এর ২০২৩-২০২৪ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিক (০১ জানুয়ারি ২০২৪হতে ৩১ মার্চ ২০২৪পর্যন্ত)প্রতিবেদন প্রমানকসহ আগামী ০৩/০৪/২০২৪ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে পরিচালক (প্রশাসন), রাজউক বরাবর প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট উইং/ শাখা/ বিভাগীয় প্রধানগণ। |
| ০২ | রাজউকের ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এর ৩য় ত্রৈমাসিক (০১ জানুয়ারি ২০২৪হতে ৩১ মার্চ ২০২৪পর্যন্ত) প্রতিবেদন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক প্রেরণ এবং এপিএএমএস (APAMS) ও এনআইএস (NIS) সফটওয়্যারে ইনপুট নিশ্চিত করতে হবে। | রাজউকের ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এর ৩য় ত্রৈমাসিক (০১ জানুয়ারি ২০২৪হতে ৩১ মার্চ ২০২৪ পর্যন্ত) প্রতিবেদন নির্ধারিত ছক মোতাবেক সংশ্লিষ্ট শাখা হতে প্রাপ্তি সাপেক্ষে মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ এবং এপিএএমএস (APAMS) ও এনআইএস (NIS) সফটওয়্যারে ইনপুট নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট উইং/ শাখা/ বিভাগীয় প্রধানগণ। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | ২০২৩-২০২৪ অর্থ বছরেরবার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর কার্যক্রম নং [১.১] এ ৩০ দিনের মধ্যে ভূমি ব্যবহার ছাড়পত্রের আবেদন নিস্পত্তি-তে নির্ধারিত লক্ষ্যেমাত্রা অর্জনের ক্ষেত্রে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর কার্যক্রম নং [১.১] এ ৩০ দিনের মধ্যে ভূমি ব্যবহার ছাড়পত্রের আবেদন নিস্পত্তি-তে নির্ধারিত লক্ষ্যেমাত্রা অর্জনের ক্ষেত্রে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | নগর পরিকল্পনাবিদ (পরিকল্পনা ও বাস্তবায়ন)। |
| ০৪ | ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর কার্যক্রম নং [১.১০] এ রাজউক কর্তৃক অধিগ্রহণকৃত সম্পত্তির ডাটাবেইজ প্রস্তুতকরণের ক্ষেত্রে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর কার্যক্রম নং [১.১০] এ রাজউক কর্তৃক অধিগ্রহণকৃত সম্পত্তির ডাটাবেইজ প্রস্তুতকরণের ক্ষেত্রে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (এস্টেট ও ভূমি-১/২) এবং সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ০৫ | যে সকল দপ্তর/শাখা বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) (২০২৩-২০২৪) এর ২য় ত্রৈমাসিক এর কাঙ্খিত অগ্রগতি অর্জিত হয়নি, সে সকল দপ্তর/শাখাকে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | যে সকল দপ্তর/শাখা বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) (২০২৩-২০২৪) এর ২য় ত্রৈমাসিক এর কাঙ্খিত অগ্রগতি অর্জিত হয়নি, সে সকল দপ্তর/শাখাকে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট উইং/ শাখা/ বিভাগীয় প্রধানগণ। |

সভায় আর কোনো আলোচনা না থাকায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) শতভাগ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে দায়িত্বশীলতার সাথে কাজ করার আহবান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ খুরশীদ আলম)
সদস্য (প্রশাসন ও অর্থ)
ও
আহবায়ক, এপিএ বাস্তাবায়ন কমিটি
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

নং-২৫.৩৯.০০০০.০০৯.১১.০০১.২৩- ৪৮৩৭ (৭১) তারিখঃ ০৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ / ১৯ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

০১। সদস্য (প্রশাসন ও অর্থ/ উন্নয়ন/পরিকল্পনা/উন্নয়ন নিয়ন্ত্রণ/এস্টেট ও ভূমি), রাজউক, ঢাকা।
০২। প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন/প্রকল্প ও ডিজাইন), রাজউক, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজউক, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৪। প্রধান নগর পরিকল্পনাবিদ (পরিকল্পনা ও বাস্তবায়ন), রাজউক, ঢাকা।
০৫। প্রধান নগর স্থপতি, রাজউক, ঢাকা।
০৬। পরিচালক (সকল), রাজউক, ঢাকা।
০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), রাজউক, ঢাকা।
০৮। নগর পরিকল্পনাবিদ (পরিকল্পনা প্রণয়ন), রাজউক, ঢাকা।
০৯। প্রকল্প পরিচালক (সকল), রাজউক, ঢাকা।
১০। উপ-পরিচালক (সকল), রাজউক, ঢাকা।
১১। উপ-নগর পরিকল্পনাবিদ (সকল), রাজউক, ঢাকা।
১২। অথরাইজড অফিসার (সকল), রাজউক, ঢাকা।
১৩। নির্বাহী প্রকৌশলী (সকল), রাজউক, ঢাকা।
১৪। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল), রাজউক, ঢাকা।
১৫। আইন কর্মকর্তা (সকল), রাজউক, ঢাকা।
১৬। লিঁয়াজো অফিসার, রাজউক ঢাকা [চেয়ারম্যান (সচিব), রাজউক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১৭। গার্ড ফাইল।

AP-1
20.03.2024

১৯/০৩/২৪
পরিচালক (প্রশাসন)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।